# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

চৌত্রিশ বর্ষ সংখ্যা ২ চৈত্র ১৪৩০-ভাদ্র ১৪৩১ April-September 2024

## ব্রি পরিদর্শনে কৃষি সচিব
## ব্রির ভূমিকা জাতি কৃতজ্ঞচিত্তে স্মরণ করবে

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান ১৫ সেপ্টেম্বর ২০২৪ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। এ উপলক্ষে ব্রি আয়োজিত মতবিনিময় সভায় কৃষি সচিব বলেন, দেশের খাদ্য নিরাপত্তায় ব্রির ভূমিকা জাতি কৃতজ্ঞচিত্তে স্মরণ করে। কৃষিকে আরও এগিয়ে নিতে কৃষি যান্ত্রিকীকরণের উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, আমাদের আরও অনেকদূর এগিয়ে যাওয়ার সুযোগ রয়েছে। কৃষি অর্থনীতির যে জাগরণ হয়েছে তা আরও সম্প্রসারণ করতে হবে।

ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান এর সভাপতিত্বে ব্রি মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা অনুবিভাগ) আফসারী খানম, অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান, ড. নাজমুন নাহার করিম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক *বাকী অংশ পৃষ্ঠা ৬*




*মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান।*

## Agriculture secretary visits BRRI
## Nation gratefully remembers BRRI's role in food security

Honourable Secretary of the Ministry of Agriculture Dr. Mohammad Emdad Ullah Mian visited the headquarters of Bangladesh Rice Research Institute (BRRI) in Gazipur on 15 September 2024. At a view-sharing meeting organized by BRRI on this occasion, the Agriculture Secretary said that the nation gratefully remembers the role of BRRI in the country's food security. Stressing on the importance of agricultural mechanization to further advance agriculture, he said, we have the opportunity to go much further. The awakening of the agricultural economy must be further expanded.

The meeting held at the BRRI auditorium under the chairmanship of BRRI Director General Dr Mohammad Khalequzzaman was attended as special guests by *See page 6*

## ব্রির নতুন মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান

দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. মোহাম্মদ খালেকুজ্জামান ২১ আগস্ট ২০২৪ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর মহাপরিচালক (রুটিন দায়িত্ব) পদে দায়িত্ব গ্রহণ করেছেন। এ পদে যোগদানের আগে তিনি ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৪ সালে এ ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করে গত ৩০ বছর ধরে বিভিন্ন পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। ড. খালেকুজ্জামান ১৯৬৭ সালে নরসিংদী জেলার বেলাবো উপজেলার হাড়িসাংগান গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮২ সালে এসএসসি (বিজ্ঞান বিভাগ) এবং ১৯৮৪ সালের এইচএসসি (বিজ্ঞান বিভাগ) পাশ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৮ সালে বিএসসি এজি অনার্স ডিগ্রি অর্জন করেন এবং ১৯৯৬ সালে এমএস ডিগ্রি লাভ করেন। ২০০৩ সালে তিনি যুক্তরাজ্যের সাউদাম্পটন বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। তিনি বর্তমানে বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম জ্যেষ্ঠ বিজ্ঞানী। দেশ-বিদেশের খ্যাতনামা জার্নালে তার ৭৫টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। *বাকী অংশ পৃষ্ঠা ৬*



*ড. মোহাম্মদ খালেকুজ্জামান*

## Dr Khalequzzaman new Director General of BRRI


Dr Mohammad Khalequzzaman, a distinguished Agricultural Scientist of the country, joined Bangladesh Rice Research Institute (BRRI) on 21 August 2024 as its Director General (Routine Charge). Prior to the new position Dr Khalequzzaman has been the Director (Research) of the institute. He began his career as a Scientific Officer of the Institute in 1994 and devotedly performing his duties at different positions over the last 30 years. Dr Khalequzzaman was born in 1967 at Harishangan village of Belabo Upazila in Narsingdi District. He passed SSC (Science) in 1982 and HSC (Science) in 1984 from the Dhaka Board. He obtained his BSc Ag (Hons) degree in 1988 and MS in 1996 from the Bangladesh Agricultural University, Mymensingh. He oftained his PhD degree on Plant Biotechnology in 2003 from the University of Southampton, UK. At present, he is one of the senior *See page 6*

## ব্রি পরিদর্শনে কানাডিয়ান প্রতিনিধি দল

কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (GIFS) এর একটি প্রতিনিধিদল গত ০১ এপ্রিল ২০২৪ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার ড. এন্ড্রু শার্প প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রতিনিধিদলটিকে স্বাগত জানান। পরে প্রতিনিধিদলটি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন।

ব্রির মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। সভায় ব্রির মহাপরিচালক জানান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এবং জিআইএফএস- কানাডার মধ্যে বাংলাদেশের টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা ও সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে পারস্পরিক সহযোগিতার জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এর ভিত্তিতে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২৩ সালের ২৩ ফেব্রুয়ারি ব্রি সদর দপ্তর ক্যাম্পাসে বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র (বিপি-এটিসি) উদ্বোধন করেন। এই কেন্দ্রটি বাংলাদেশের দরিদ্র, প্রান্তিক এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠির জন্য খাদ্য নিরাপত্তাহীনতার কাঠামোগত কারণগুলো চিহ্নিত করবে এবং তা সমাধানে কাজ করবে।

সভায় ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম, সফররত প্রতিনিধি *বাকী অংশ পৃষ্ঠা ৬*



*ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর সফররত কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার ড. এন্ড্রু শার্পকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।*

## Canadian Team Visits BRRI

A delegation of Global Institute for Food Security (GIFS) at the University of Saskatchewan from Canada headed by Dr. Andrew Sharpe, Bangabandhu Research Chair in Food Security, GIFS, University of Saskatchewan, Canada visited Bangladesh Rice Research Institute (BRRI) Headquarters on 01 April 2024 in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir offered a cordial welcome to the delegation team at the Institute and briefed about its main features. He also discussed ways and means to collaboration between BRRI and GIFS in an opinion exchange meeting held on the occasion.

BRRI Director General Dr Md Shahjahan Kabir presided over the opinion exchange meeting organized on the occasion while BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, Coordinator for Advanced Studies and Research (CASR) Dr Munnujan Khanam, Senior Research Officer, National Research Council, Canada Dr Pankaj Bhowmik, Bangabandhu Research Chair, BSMRAU Dr Ashutosh Sarker, GIFS Representative for Bangladesh, GIFS Regional Office, *See page 6*

## আর্জেন্টিনার রাষ্ট্রদূতের ব্রি পরিদর্শন

বাংলাদেশে নিযুক্ত আর্জেন্টিনার রাষ্ট্রদূত মার্সেলো কার্লোস সেসা গত ১৫ মে ২০২৪ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর তাকে স্বাগত জানান। পরে তিনি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন।

ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। এ সময় আর্জেন্টিনার রাষ্ট্রদূত ব্রির বর্তমান কার্যক্রম, সাফল্য এবং দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে ব্রির ভূমিকার প্রশংসা করেন। সভায় ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) *বাকী অংশ পৃষ্ঠা ৬*



*ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর আর্জেন্টিনার রাষ্ট্রদূত মার্সেলো কার্লোস সেসাকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।*

## Argentine Ambassador Visits BRRI

Argentine Ambassador in Bangladesh Mr Marcelo Carlos CESA visited Bangladesh Rice Research Institute (BRRI) Headquarters on 15 May 2024 in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir offered a cordial welcome to the delegation team at the Institute and briefed about its main features. He also discussed ways and means to collaboration between BRRI and Argentina in an opinion exchange meeting held on the occasion. Head of the Plant Breeding Division Dr Khandakar Md Iftekharuddaula delivered a presentation focusing on the major achievement and progress of BRRI at the meeting.

Mr Marcelo Carlos CESA expressed his *See page 6*

# অতিরিক্ত সচিব এর ব্রি পরিদর্শন

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) ড. মলয় চৌধুরী গত ২৫ মে ২০২৪ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। এ উপলক্ষে ব্রি আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর।

এর আগে সকালে ড. মলয় চৌধুরী ব্রি সদর দপ্তরে এসে পৌঁছলে তাকে ফুলেল শুভেচ্ছা জানান ড. মো. শাহজাহান কবীর। পরে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ব্রির মহাপরিচালক ধানের জাতসহ বিভিন্ন লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের ক্ষেত্রে ইনস্টিটিউটের অর্জন ও সাফল্য, চলমান গবেষণা কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে বক্তব্য উপস্থাপন করেন।



*ব্রির মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মলয় চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানান।*

পরে অতিরিক্ত সচিব ড. মলয় চৌধুরী ব্রির কেন্দ্রীয় গবেষণাগার, রাইস মিউজিয়াম, ব্রি জিন ব্যাংক, ফার্ম মেশিনারি শেড পরিদর্শন করেন।

সভায় ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানমসহ ব্রির সকল বিভাগ ও শাখা প্রধান এবং জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ উপস্থিত ছিলেন।

# Additional Secretary visits BRRI

Additional Secretary (Extension Wing) of the Ministry of Agriculture Dr Malay Chowdhury visited the headquarters of Bangladesh Rice Research Institute (BRRI) in Gazipur on 25 May 2024. On this occasion, Director General of BRRI Dr Md Shajahan Kabir presided over the opinion exchange meeting.

Earlier in the morning, when Dr Malay Chowdhury arrived at BRRI headquarters, Dr Md Shahjahan Kabir greeted him with flowers. Later on, in the exchange of views held, the BRRI Director General presented a speech highlighting the achievements and successes of the institute in the field of innovation and development of various useful technologies including rice varieties, ongoing research activities and future plans.

After that, Additional Secretary Dr Malay Chowdhury visited BRRI's Central Laboratory, Rice Museum, BRRI Gene Bank, and Farm Machinery Shed.

*See page 7*

# ব্রি পরিদর্শনে এনডিসি প্রতিনিধি দল

জাতীয় প্রতিরক্ষা কোর্স (এনডিসি) এর ৯৫ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৩ জুন ২০২৪ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) পরিদর্শন করেছেন। এ উপলক্ষে ব্রি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। অনুষ্ঠানে মাননীয় মহাপরিচালক প্রতিনিধি দলকে স্বাগত জানান এবং উচ্চ ফলনশীল জাতসহ বিভিন্ন লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের ক্ষেত্রে ইনস্টিটিউটের অর্জন ও সাফল্য এবং জাতীয় অর্থনীতিতে এর অবদান সম্পর্কে তাদের অবহিত করেন।

অনুষ্ঠানে ব্রির বিভাগীয় প্রধানগণ, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তাগণ অংশ নেন। নিয়মিত শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে এ সফরকালে দু'পক্ষের মধ্যে গবেষণা ও উন্নয়ন বিষয়ক ধারণা ও জ্ঞান এবং পারস্পারিক সৌহার্দ্য বিনিময় হয়েছে।



*ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এনডিসি প্রতিনিধি দলকে ফুল দিয়ে স্বাগত জানান।*

পরে এনডিসি প্রতিনিধি দল ব্রির কেন্দ্রীয় গবেষণা ল্যাবরেটরি, রাইস জিন ব্যাংক এবং রাইস মিউজিয়াম পরিদর্শন করেন। এ সময় পরিদর্শন দলের সদস্যবৃন্দ ব্রির নানা সাফল্য ও অর্জন সম্পর্কে অবগত হন এবং ব্রির কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন।

বাংলাদেশ, ভারত, কেনিয়া, সৌদি আরব, নাইজেরিয়াসহ বিভিন্ন দেশের উর্ধ্বতন সামরিক-বেসামরিক কর্মকর্তাগণ এ পরিদর্শনে অংশ নেন। ব্রির কর্মকর্তা ও পরিদর্শন দলের সদস্যদের মধ্যে অত্যন্ত প্রাণবন্ত প্রশ্নোত্তর পর্বটি ছিল অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ।

অনুষ্ঠানে ব্রির মাননীয় মহাপরিচালক পরিদর্শন দলের প্রতিনিধিদের হাতে ব্রির পক্ষ থেকে শুভেচ্ছা ক্রেস্ট তুলে দেন।

# NDC Delegation visits BRRI

A 95-member delegation of the National Defense Course (NDC) visited Bangladesh Rice Research Institute (BRRI) in Gazipur on 13 June 2024. On this occasion, the programme organized at the BRRI auditorium was presided over by the Honourable Director General of BRRI, Dr Md Shahjahan Kabir. At the programme, the Honourable Director General welcomed the delegation and informed them about the achievements and successes of the institute in the field of innovation and development of various useful technologies including high-yielding varieties and its contribution to the national economy.

The programme was attended by the divisional heads, senior scientists and officials of BRRI. As part of the regular educational programme, ideas and knowledge on research and development and mutual goodwill were exchanged between the two sides during this visit.

Later on, the NDC delegation visited BRRI's Central Research Laboratory, Rice Gene Bank and Rice Museum. At this time, the members of the inspection team were informed about the various successes and achievements of BRRI and they highly appreciated the activities of BRRI.

Senior military and civilian officials from various countries including Bangladesh, India, Kenya,

*See page 7*

## ব্রিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠিত

গত ২৩ জুন ২০২৪ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ব্রির মাননীয় মহাপরিচালকের সঙ্গে সকল বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয়, প্রকল্প এবং কর্মসূচি সমূহের প্রধানদের মধ্যে পৃথক ভাবে চুক্তি স্বাক্ষর হয়েছে। এ সময় ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, এপিএ এর ফোকাল পয়েন্ট এবং কৃষি পরিসংখ্যান বিভাগের প্রধান ড. মো. ইসমাইল হোসেন, বিকল্প ফোকাল পয়েন্ট মো. মাহফুজ বিন ওয়াহাবসহ এপিএ টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



*এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর।*

অনুষ্ঠানে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করছে ব্রি। বর্তমানে আমরা খাদ্য উদ্বৃত্তের জায়গায় চলে এসেছি। এটা জাতির জন্য খুবই স্বস্তিদায়ক বিষয়। খাদ্য নিরাপত্তা টেকসই করতে আমাদের গবেষণা আরও জোরদার করতে হবে। এপিএ চুক্তিতে আমরা যেসব বিষয় উল্লেখ করেছি তা আমাদের

*বাকী অংশ পৃষ্ঠা ৭*

## Annual Performance Agreement (APA) signing held at BRRI

On 23 June 2024, the Annual Performance Agreement (APA) signing ceremony of Bangladesh Rice Research Institute (BRRI) for the fiscal year 2024-25 was held. The agreements were signed separately between the Honourable Director General of BRRI and the heads of all divisions, sections, regional stations, projects and programmes at a ceremony organized on this occasion at the training building of BRRI headquarters in Gazipur. At that time, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Services) Dr Md Abdul Latif, APA Focal Point and Head of Agricultural Statistics Divison Dr Md Ismail Hossain, Alternative Focal Point Md Mahfuz Bin Wahab and members of the APA team were present.

At the ceremony, Honourable Director

*See page 7*

## ব্রিতে কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে গত ২৭ জুন ২০২৪ তিনটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউটের মিলনায়তনে সকালে প্রোগ্রাম অন এগ্রিকালচার অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ অ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রোগ্রাম (ব্রি পার্ট) কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। কর্মশালায় সভাপতিত্ব এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর ড. মো. আবদুল কাদের। বিশেষ অতিথি ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ এবং উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম। স্বাগত বক্তব্য রাখেন পার্টনার প্রোগ্রাম ব্রি অঙ্গের ডিপিডি তাপস কুমার হোড়।




*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর।*

বিকেলে একই স্থানে "নতুন ৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন (এলএসটিডি)" শীর্ষক প্রকল্পের প্রারম্ভিক এবং বার্ষিক অগ্রগতি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন, প্রকল্প পরিচালক ড. মো. মোফাজ্জল হোসেন। বিশেষ অতিথি ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং

*বাকী অংশ পৃষ্ঠা ৭*

## Workshop held at BRRI

Three workshops were held at the Bangladesh Rice Research Institute on 27 June 2024. In the morning, the Programme on Agriculture and Rural Transformation for Nutrition Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) Programme (BRRI Part) workshop was addressed as the chief guest by BRRI Honourable Director General Dr Md Shahjahan Kabir. The workshop was chaired and the keynote address was presented by Agency Programme Director Dr Md Abdul Quader. BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Services) Dr Md Abdul Latif and Coordinator for Advanced Studies and Research Dr Munnujan Khanam were the special guests. The welcome address was delivered by DPD of PARTNER Programme BRRI Part, Tapas Kumar Hor.

In the afternoon, the inaugural and annual progress workshop of the project titled 'Innovation of

*See page 7*

# ব্রিতে দু'টি কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে গত ০৮ জুলাই ২০২৪ 'সরিষা-বোরো-আমন শস্যবিন্যাস উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ' এবং 'ধানের যান্ত্রিক মুড়ি ফসল পদ্ধতি গ্রহণ এবং উন্নতিকরণ' বিষয়ে দুটি প্রকল্পের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এর সভাপতিত্বে কর্মশালায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর বাংলাদেশ প্রতিনিধি জিয়াওকুন শি। স্বাগত বক্তব্য রাখেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর অর্থায়নে পরিচালিত প্রকল্প সম্পর্কিত তথ্যাদি তুলে ধরেন এফএও বাংলাদেশের ন্যাশনাল সিনিয়র লিড এগ্রোনোমিস্ট ড. মো. আব্দুল কাদের। 'সরিষা-বোরো-আমন শস্যবিন্যাস উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ' প্রকল্পের সূচনা কর্মশালায় ব্রির কর্মপরিকল্পনা তুলে ধরেন প্রকল্পটির ন্যাশনাল ফোকাল পয়েন্ট এবং ব্রির আরএফএস বিভাগের সিএসও এবং ড. মো. ইব্রাহিম। 'ধানের যান্ত্রিক মুড়ি ফসল পদ্ধতি গ্রহণ এবং উন্নতিকরণ' প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা তুলে ধরেন ব্রির কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. শহিদুল ইসলাম। এর আগে এফএও এর বাংলাদেশ প্রতিনিধি জিয়াওকুন শি একটি কমবাইন্ড হারভেস্টার ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরের কাছে হস্তান্তর করেন।

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরেজমিন উইং এর পরিচালক মো. তাজুল ইসলাম পাটোয়ারী এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সদস্য পরিচালক (শস্য) ড. মো. আবদুছ ছালাম ও এফএও বাংলাদেশ এর সহকারী প্রতিনিধি (প্রোগ্রাম) নূর আহমেদ খন্দকার।

কর্মশালায় ব্রির বিভাগীয় প্রধানগণ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি এবং কৃষক প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।



*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর।*

# Two Workshops held at BRRI

Two project workshops were held at the Bangladesh Rice Research Institute on 08 July 2024 on 'Increasing Productivity through Development of Mustard-Boro-Aman Cropping System' and 'Adoption and Improvement of Mechanical Turnover Cropping System of Rice'. The workshop held at the Training Building of BRRI Headquarters in Gazipur was addressed as the chief guest by BRRI's Honourable Director General Dr Md Shahjahan Kabir. The workshop was chaired by BRRI's Director (Research) Dr Mohammad Khalequzzaman and was attended by the Bangladesh Representative of the Food and Agriculture Organization of the United Nations (FAO) Xiaokun Shi as the guest of honour. BRRI's Director (Administration and Common Services) Dr Md Abdul Latif delivered the welcome speech. Information related to the projects funded by the Food and Agriculture Organization (FAO) was presented by FAO Bangladesh National Senior Lead Agronomist Dr Md Abdul Quader. At the inaugural workshop of the 'Increasing Productivity through Development of Mustard-Boro-Aman Cropping System' project, the National Focal Point of the project and Chief Scientific Officer and Head of BRRI's RFS Division, Dr Md Ibrahim presented the work plan of BRRI. The progress review of the 'Adoption and Improvement of Mechanical Rice Turnover Cropping System' project was presented by BRRI's Chief Scientific Officer and Head, Agronomy Division, Dr Md Shahidul Islam. Earlier, FAO Bangladesh Representative Xiaokun Shi handed over a combined harvester to BRRI's Director General, Dr Md Shahjahan Kabir. *See page 7*

# ব্রি ও গ্রামীণফোন এর মধ্যে চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ও গ্রামীণফোন লিমিটেড এর মধ্যে সিম ও সংযোগ প্রদানে গত ১১ জুলাই ২০২৪ ব্রির মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরের উপস্থিতিতে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ব্রির পক্ষে পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ এবং গ্রামীণফোনের পক্ষে প্রতিষ্ঠানটির পরিচালক নূরুল ফেরদৌস মুসানা স্বাক্ষর করেন। এ সময় ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, গ্রামীণফোনের পরিচালক এম. শাওন আজাদসহ উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বর্তমানে কৃষি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর-সংস্থা কর্তৃক কৃষকদের বিভিন্ন রকমের প্রণোদনা, প্রশিক্ষণ সম্মানী, সামাজিক নিরাপত্তা ভাতাসহ নানাবিধ আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। সকল আর্থিক লেনদেন দাপ্তরিক মোবাইল নম্বরের মাধ্যমে সুনির্দিষ্ট মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্ল্যাটফর্ম ব্যবহার প্রদানের নির্দেশনা রয়েছে। *বাকী অংশ পৃষ্ঠা ৭*



*ব্রি ও গ্রামীণ ফোন এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত*

# Agreement signed between BRRI and Grameen Phone

A contract was signed between Bangladesh Rice Research Institute (BRRI) and Grameen Phone Limited on 11 July 2024 in the meeting room of the Director General of BRRI. Director General of BRRI Dr Md Shahjahan Kabir attended the agreement signing ceremony in the presence of Director (Administration and Common Services) Dr Md Abdul Latif on behalf of BRRI and Director of the organization Nurul Ferdous Musana on behalf of Grameen Phone. At that time, Director (Research) of BRRI Dr Mohammad Khalequzzaman, Director of Grameen Phone M Shaon Azad and senior officials of both the organizations were present.

Currently, various types of incentives, training honorariums, social security allowances and other financial *See page 7*

# ব্রি পরিদর্শনে কৃষি সচিব

প্রথম পৃষ্ঠার পর

মো. তাজুল ইসলাম পাটোয়ারী, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আবদুল্লাহ ইউসুফ আখন্দ, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক মো. আব্দুর রহিম, বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক কৃষিবিদ মো. জয়নাল আবেদীন।

সভায় ব্রির পরিচিতি, অগ্রগতি, সাফল্য ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। এর আগে কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান ব্রি জিন ব্যাংক, এফএমপিএইচটি গবেষণা ওয়ার্কশপ এবং এইচটিপিএফ (High Throughput Phenotyping Facilities) পরিদর্শন করেন।

এর আগে কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান ব্রি সদর দপ্তরে এসে পৌঁছলে তাকে ফুলেল শুভেচ্ছা জানান ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান।

মতবিনিময় সভায় ব্রির উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানমসহ ব্রির সকল বিভাগ ও শাখা প্রধানগণ, জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ এবং ক্রিয়াশীল সংগঠনের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

# ব্রির নতুন মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান

প্রথম পৃষ্ঠার পর

তিনি গবেষণা সংশ্লিষ্ট কাজে যুক্তরাজ্য, চীন, দক্ষিণ কোরিয়া, ফিলিপাইন, থাইল্যান্ড, বেলজিয়াম, মালদ্বীপ, নেপাল, ভারত, ভিয়েতনামসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জনক।

# ব্রি পরিদর্শনে কানাডিয়ান প্রতিনিধি দল

দ্বিতীয় পৃষ্ঠার পর

দলের সদস্য কানাডা ন্যাশনাল রিসার্চ কাউন্সিলের সিনিয়র রিসার্চ অফিসার ড. পঙ্কজ ভৌমিক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার ড. আশুতোষ সরকার, জিআইএফএস বাংলাদেশ প্রতিনিধি ড. শ্রীকান্ত আত্তালুরি এবং জিআইএফএস এর ইন্টারন্যাশনাল প্রোগ্রাম ডেভলপমেন্ট ম্যানেজার হাসান পারভেজ আহমেদসহ ব্রির সকল বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।

# আর্জেন্টিনার রাষ্ট্রদূতের ব্রি পরিদর্শন

দ্বিতীয় পৃষ্ঠার পর

ড. মো. আব্দুল লতিফ। সভায় ব্রির উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানমসহ ব্রির সকল বিভাগীয় প্রধান ও জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভা শেষে সফররত প্রতিনিধি দলটি ব্রির কেন্দ্রীয় গবেষণাগার, জিন ব্যাংক এবং রাইস মিউজিয়াম পরিদর্শন করেন।

# Argentine Ambassador Visits BRRI

After page 2

satisfaction after getting some latest information about BRRI and its role in ensuring food security of the country.

BRRI Director General Dr Md Shahjahan Kabir presided over the opinion exchange meeting organized on the occasion while BRRI Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, Coordinator for Advanced Studies and Research (CASR) Dr Munnujan Khanam and heads of the research divisions of the Institute along with the senior scientists and officials attended the meeting.

Later on, Argentine Ambassador also visited BRRI Central Lab, Genebank and Rice museum.

# Agriculture Secretary visits BRRI

After page 1

Afsari Khanam, Additional Secretary (Research Wing) of the Ministry of Agriculture, Dr Nurunnahar Chowdhury, NDC, Executive Chairman of Bangladesh Agricultural Research Council, Dr Nazmun Nahar Karim, Director General of the Department of Agricultural Extension Md Tajul Islam Patwary, Director General of Bangladesh Agricultural Research Institute Dr Md Abdullah Yusuf Akhand, Director General of National Agricultural Training Academy Md Abdur Rahim, Director of Seed Certification Agency Krishibid Md Joynal Abedin.

BRRI Director General Dr Mohammad Khalequzzaman presented the introduction, progress, success and future plans of BRRI in the meeting. BRRI Director (Administration and Common Services) Dr Md. Abdul Latif expressed his vote of thanks. Earlier, Agriculture Secretary Dr Mohammad Emdad Ullah Mian visited the BRRI Gene Bank, FMPHT Research Workshop and HTPF (Hypertrophic Plant Growth Facility).

Earlier, Agriculture Secretary Dr Mohammad Emdad Ullah Mian was greeted with flowers by BRRI Director General Dr Mohammad Khalequzzaman when he arrived at the BRRI headquarters.

BRRI Coordinator for Advanced Studies and Research Dr Munnujan Khanam, along with all the heads of BRRI divisions and sections, senior scientists and officials and representatives of activist organizations were present at the meeting.

# Dr Khalequzzaman new Director General of BRRI

After page 1

scientists in National Agricultural Research System (NARS) in Bangladesh. He has 75 research articles published in different prestigious journals home and abroad. He has visited many countries including United Kingdom, Thailand, South Korea, China, Belgium, Maldives, Nepal, India Philippine and Vietnam in relation to his research works.

Personally he is blessed with two children.

# Canadian Team Visits BRRI

After page 2

Dr Sreekanth Attaluri, International Programme Development Manager, GIFS, University of Saskatchewan, Canada Mr Hasan Pervej Ahmed, Heads of BRRI research divisions were present.

Dr Shahjahan Kabir said that BARC (Bangladesh Agricultural Research Council) and GIFS-Canada signed an MoU in Dhaka to work in a multi-disciplinary research, training, and development partnership to help promote sustainable food security in Bangladesh. In accordance with the MoU, the Bangabandhu-Pierre Elliott Trudeau Agricultural Technology Centre (BP-ATC) was inaugurated on 23 February 2023 by the honourable Prime Minister of Bangladesh, Sheikh Hasina MP at Bangladesh Rice Research Institute (BRRI) campus. The BP-ATC will provide foundational platform to support crop research in Bangladesh, but additional key investments for developing crop varieties that are climate-resilient and farmer-friendly are required.

## ব্রিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)

চতুর্থ পৃষ্ঠার পর

অবশ্যই বাস্তবায়ন করতে হবে। এ ক্ষেত্রে সকলকে সততা ও আন্তরিকতার সঙ্গে সমন্বিতভাবে কাজ করতে হবে। তবেই আমরা খাদ্য নিরাপত্তা টেকসই করার ক্ষেত্রে সামনে এগিয়ে যেতে পারব।

অনুষ্ঠানের শুরুতে ২০২২-২৩ অর্থ বছরের এপিএ চুক্তি স্বাক্ষরকারী বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয়, প্রকল্প এবং কর্মসূচি সমূহের মধ্যে প্রথম স্থান অধিকারী অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প, দ্বিতীয় স্থান অধিকারী যৌথভাবে কৃষি পরিসংখ্যান বিভাগ ও ফলিত গবেষণা বিভাগ এবং তৃতীয় স্থান অধিকারী উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ প্রধানের হাতে পুরস্কার তুলে দেন মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। আঞ্চলিক কার্যালয় ক্যাটাগরিতে প্রথম স্থান অধিকার করে ব্রি আঞ্চলিক কার্যালয় কুমিল্লা, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জন করেছে যথাক্রমে ব্রি আঞ্চলিক কার্যালয় গোপালগঞ্জ এবং ব্রি আঞ্চলিক কার্যালয় রংপুর।

## ব্রিতে কর্মশালা অনুষ্ঠিত

চতুর্থ পৃষ্ঠার পর

পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। স্বাগত বক্তব্য রাখেন উপ-প্রকল্প পরিচালক ড. মো. আনোয়ার হোসেন।

পরে "অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের রিভিউ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। কর্মশালায় সভাপতিত্ব ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ড. মো. জামিল হাসান। বিশেষ অতিথি ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ।

## Workshop held at BRRI

After page 4

Place-Based Rice Varieties and Technology and Development of Existing Research Laboratories (LSTD) through Establishment of six New Regional Stations' was held at the same venue. The workshop was presided over by the Honourable Director General of BRRI, Dr Md Shahjahan Kabir. The keynote paper was presented by Project Director, Dr Md Mofazzal Hossain. The special guests were BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman and Director (Administration and Common Services) Dr Md Abdul Latif. The welcome speech was delivered by Deputy Project Director, Dr Md Anwar Hossain.

Later on, a review workshop of the project titled "Innovation, Research and Modernization of High-Yielding Hybrid Rice Varieties" was held. The chief guest of the workshop was the Honourable Director General of BRRI, Dr Md Shahjahan Kabir. The workshop was presided over and the keynote paper was presented by Project Director, Dr Md Jamil Hasan. The special guests were BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Services) Dr Md Abdul Latif.

## Agreement signed between BRRI

After page 5

assistance are being provided to the farmers by the Ministry of Agriculture and its subordinate departments and organizations. There are instructions to use a specific Mobile Financial Service (MFS) platform for all financial transactions through official mobile numbers. This system will play an effective role in ensuring good governance and transparency in the activities of the current government.

In this situation, the BRRI authorities have taken the initiative to provide 350 corporate SIMs and connections in the first phase. As a result of the use of these SIMs and connections by BRRI scientists, officers, and employees, the overall communication will be smoother and official activities will be accelerated as per the instructions of the ministry.

## Additional Secretary visits BRRI

After page 3

BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Services) Dr Md Abdul Latif, Coordinator for Advanced Studies and Research Dr Munnujan Khanam, along with all the heads of divisions and sections of BRRI and senior scientists were present at the meeting.

## NDC Delegation visits BRRI

After page 3

Saudi Arabia, and Nigeria participated in the visit. A very lively question and answer session between BRRI officials and members of the inspection team was one of the highlights of the event. Among others, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Services) Dr Md Abdul Latif was present at the event.

At the event, the Honourable Director General of BRRI presented the welcome crest to the representatives of the inspection team on behalf of BRRI.

## Annual Performance Agreement (APA)

After page 4

General of BRRI Dr Md Shahjahan Kabir said, BRRI is working to ensure food security. Currently, we are moving towards a food surplus. This is a very comforting matter for the nation. We have to strengthen our research to make food security sustainable. We must implement all the issues we have mentioned in the APA agreement. In this regard, everyone has to work together with honesty and sincerity. Only then will we be able to move forward in making food security sustainable.

At the beginning of the programme, among the divisions, sections, regional stations, projects and programmes that signed the APA agreement for the financial year 2022-23, the first place was taken by the High Yielding Hybrid Rice Variety Innovation, Research and Modernization Project, the second place jointly taken by the Agricultural Statistics Division and the Adative Research Divsion and the third place was taken by the Honourable Director General Dr Md Shahjahan Kabir. In the regional office category, BRRI Regional Station Cumilla won the first place, while BRRI Regional Station Gopalganj and BRRI Regional Station Rangpur won the second and third places respectively.

## Two Workshop held at BRRI

After page 5

Md Tajul Islam Patwary, Director of Field Wing of the Department of Agricultural Extension and Dr Md Abdus Salam, Member Director (Crops) of Bangladesh Agricultural Research Council and Noor Ahmed Khandaker, Assistant Representative (Programme) of FAO Bangladesh, were present as special guests at the workshop.

The workshop was attended by BRRI divisional heads, Bangladesh Agricultural Research Council, Bangladesh Agricultural Research Institute, representatives of various agricultural universities, and farmer representatives.

## ব্রি ও গ্রামীণফোন এর মধ্যে চুক্তি স্বাক্ষর

পঞ্চম পৃষ্ঠার পর

বর্তমান সরকারের কার্যক্রমে সুশাসন ও স্বচ্ছতা নিশ্চিতকরণে উক্ত ব্যবস্থা কার্যকর ভূমিকা পালন করবে। এমতাবস্থায়, ব্রি কর্তৃপক্ষ ১ম পর্যায়ে ৩৫০টি কর্পোরেট সিম ও সংযোগ প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত সিম ও সংযোগ ব্রি'র বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারীরা ব্যবহারের ফলে সার্বিক যোগাযোগ আরো ভালোভাবে হবে এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম গতিশীল হবে।



**উপদেষ্টামণ্ডলী**
ড. মো. শাহজাহান কবীর
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. আব্দুল লতিফ

**সম্পাদনায়**
মো. রাশেল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**ছবি**
মো. মাসুম রানা

**প্রুফ রিডার**
তাহমিনা সুলতানা

**গ্রাফিক্স ডিজাইন**
রিয়াজুল ইসলাম রানা

**মুদ্রণ**
জান্নাত প্রিন্টিং প্রেস
গাজীপুর

কপির সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৪৩৪



*ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান গাজীপুরস্থ সদর দপ্তরে গ্রীন হাউজ পরিদর্শন করছেন।*

## Seminar held in BRRI during April to September 2024

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Dr Md Zakaria Ibne Baki**<br>SSO, Agronomy Division, BRRI | Impact of the chemical composition of applied organic materials on bacterial and archaeal community compositions in paddy soil. | 04 Apr |
| **Dr A S M Masuduzzaman**<br>CSO, Director Research Office, BRRI | A Journey from Deepwater to Upland by Genetic Tools and Traits of Rice. | 02 May |
| **Dr Priya Lal Chandra Paul**<br>SSO, IWM Division, BRRI | Saline Water Irrigation Strategies for Boro Rice Cultivation in The Coastal Saline Area. | 23 May |
| **Hosne Ara Dilzahan**<br>SO, Plant Pathology Division, BRRI | "Metagenomic Studies on Microbial Community and its Function in Soil of Paddy Rice" | 30 May |
| **Shah Ashadul Islam**<br>SSO, Agronomy Division, BRRI | Impact of OsBadh2 Mutations on Salt Stress Response in Rice. | 06 Jun |
| **Dr Md Mozammel Haque**<br>SSO, Soil Science Division, BRRI | Rice transplanting and fertilizer application methods as influenced by mitigation of global warming potential under rice-fallow-rice cropping system | 04 Jul |
| **Dr Salim Mian**<br>PSO, Plant Pathology Division, BRRI | Host range of *Magnaporthe spp.* and its cultural and morphological characteristics | 11 Jul |
| **Dr S M Mofijul Islam**<br>SSO, Soil Science Division, BRRI | An overview of Paris Agreement and Nationally Determined Contributions, and mitigation options of GHG emissions from rice fields | 19 Sep |
| **Dr Rakiba Shultana**<br>SSO, Agronomy Division, BRRI | The Microbial Response to Herbicide Residue in the Soil | 26 Sep |

প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org